গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
ডিকেএমপি অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.minland.gov.bd

স্মারক নম্বর- ৩১.০০.০০০০.০৫৭.৯৯.০৩২.২৫-৫৯০

তারিখ: ০৬ শ্রাবণ ১৪৩৩ / ২১ জুলাই ২০২৬

**বিষয়: সকল মৌজার সর্বশেষ সম্পন্ন জরিপের নামসহ তথ্য প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমন্বিত ভূমি ব্যবস্থাপনার আওতায় নামজারি (Mutation) সিস্টেম, ডিজিটাল ল্যান্ড রেকর্ডস ম্যানেজমেন্ট সিস্টেম (DLRMS) এবং ল্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন ম্যানেজমেন্ট সিস্টেম (LAMS)-এর আন্তঃসংযোগের মাধ্যমে সকল কার্যক্রম সম্পন্ন হয়ে থাকে। এক্ষেত্রে নামজারি সিস্টেম থেকে নামজারির সময় DLRMS থেকে আগত খতিয়ান এবং অন্যান্য তথ্য যাচাই করা হয়। সর্বশেষ জরিপের পূর্ণাঙ্গ তথ্য না থাকার কারণে বিভিন্ন সমস্যা পরিলক্ষিত হচ্ছে। এ প্রেক্ষাপটে উপজেলার আওতাধীন সকল ইউনিয়ন ও পৌর ভূমি অফিসের সকল মৌজার সর্বশেষ সম্পন্ন জরিপের নামসংবলিত তালিকা প্রয়োজন।

২। এমতাবস্থায়, স্ব স্ব আওতাধীন সকল ভূমি অফিসের প্রতিটি মৌজার সর্বশেষ সম্পন্ন জরিপের নামসহ তথ্য সংযুক্ত ছক অনুসারে এক্সেল ফাইলে সফটকপি আকারে lams.minland@gmail.com ই-মেইলের মাধ্যমে আগামী দশ (১০) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ছক ১টি

২১/০৭/২০২৬

সাদেকুর রহমান
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৭
ই-মেইল: lsdmc1@minland.gov.bd

সহকারী কমিশনার (ভূমি)
(সকল) (৩ পার্বত্য জেলা ব্যতীত)

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর।
২। প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা
৩। জেলা প্রশাসক (সকল) (৩ পার্বত্য জেলা ব্যতীত)
৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য), ভূমি মন্ত্রণালয়
৫। সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয়
৬। মাননীয় মন্ত্রীর সহকারী একান্ত সচিব (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য), ভূমি মন্ত্রণালয়
৭। সিনিয়র সচিবের একান্ত সচিব (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), ভূমি মন্ত্রণালয়

## সংযুক্তি-১
## সর্বশেষ সম্পন্ন জরিপ অনুযায়ী মৌজার তালিকা প্রেরণের ছক

জেলার নাম: ____________________ উপজেলা/সার্কেলের নাম: ____________________

| ক্রঃ নং | মৌজার নাম | সর্বশেষ সম্পন্ন জরিপের নাম | জে.এল. নং | মন্তব্য (মৌজাসংক্রান্ত অন্য কোন বিষয়) |
|---|---|---|---|---|
| ১ | | | | |
| ২ | | | | |
| ৩ | | | | |
| ৪ | | | | |
| ৫ | | | | |
| ৬ | | | | |
| ৭ | | | | |
| ৮ | | | | |
| ৯ | | | | |
| ১০ | | | | |
| ১১ | | | | |
| ১২ | | | | |

স্বাক্ষর: ____________________

তারিখ: ____________________